

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩২ ১৩
আগরতলা, ০৫ অক্টোবর, ২০২৩

জল জীবন মিশন

রাজ্যের গ্রামীণ এলাকায় ৫,১৫,২৫০টি বাড়িতে পানীয় জলের সংযোগ

জল জীবন মিশনে রাজ্যের গ্রামীণ এলাকায় এখন পর্যন্ত ৫ লক্ষ ১৫ হাজার ২৫০টি বাড়িতে পাইপ লাইনে পানীয় জলের সংযোগ পৌঁছে দেওয়া হয়েছে। এই মিশনে রাজ্যের গ্রামীণ এলাকায় গত ১ সেপ্টেম্বর থেকে ২৪ সেপ্টেম্বর পর্যন্ত ৮ হাজার ৫২৪টি বাড়িতে পাইপ লাইনে পানীয় জলের সংযোগ দেওয়া হয়েছে। এর মধ্যে উত্তর ত্রিপুরা জেলায় ৩০২টি, উনকোটি জেলায় ৫১৫টি, ধলাই জেলায় ১,০৩৪টি, খোয়াই জেলায় ৪৭৬টি, পশ্চিম ত্রিপুরা জেলায় ১,৩১০টি, সিপাহীজলা জেলায় ১,৮৮৯টি, গোমতী জেলায় ১,৭৭০টি ও দক্ষিণ ত্রিপুরা জেলায় ১,২২৮টি বাড়িতে পানীয় জলের সংযোগ দেওয়া হয়েছে। পানীয় জল ও স্বাস্থ্যবিধান দপ্তর থেকে এ সংবাদ জানানো হয়েছে।
